

## ■ সোয়াদ | □ □ d | ৹

আয়াতঃ ৩৮: ৫০

### আরবি মূল আয়াত:

# جَنَّتِ عَدنٍ مُّفَتَّحَمَّ لَّهُمُ الأبوابُ ﴿٥٠﴾

#### 🗚 অনুবাদসমূহ:

চিরস্থায়ী জান্নাত, যার দরজাসমূহ থাকবে তাদের জন্য উন্মুক্ত। — আল-বায়ান

চিরস্থায়ী **জান্নাত, তাদের জন্য উন্মুক্ত দ্বার**। — তাইসিরুল

চিরস্থায়ী জান্নাত, তাদের জন্য উম্মুক্ত রয়েছে যার দ্বার। — মুজিবুর রহমান

Gardens of perpetual residence, whose doors will be opened to them. — Sahih International

### ৫০. চিরস্থায়ী জান্নাত, যার দরজাসমূহ তাদের জন্য উন্মুক্ত।(১)

(১) এর কয়েকটি অর্থ হতে পারে। এক. এসব জান্নাতে তারা দ্বিধাহীনভাবে ও নিশ্চিন্তে ঘোরাফেরা করবে এবং কোথাও তাদের কোনপ্রকার বাধার সম্মুখীন হতে হবে না। দুই. জান্নাতের দরজা খোলার জন্য তাদের কোনপ্রচেষ্টা চালাবার দরকার হবে না বরং শুধুমাত্র তাদের মনে ইচ্ছা জাগার সাথে সাথেই তা খুলে যাবে। তিন. জান্নাতের ব্যাবস্থাপনায় যেসব ফিরিশতা নিযুক্ত থাকবে তাঁরা জান্নাতের অধিবাসীদেরকে দেখতেই তাদের জন্যদরজা খুলে দেবো। [ইবন কাসীর, সা'দী, ফাতহুল কাদীর] এ তৃতীয় বিষয়বস্তুটি কুরআনের এক জায়গায় বেশী স্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে, "এমনকি যখন তারা সেখানে পৌঁছবে এবং তার দরজা আগে থেকেই খোলা থাকবে তখন জান্নাতের ব্যবস্থাপকরা তাদেরকে বলবে, 'সালামুন আলাইকুম, শুভ আগমন' চিরকালের জন্য এর মধ্যে প্রবেশ করুন। [সূরা আয-যুমার: ৭৩]

তাফসীরে জাকারিয়া

(৫০) চিরস্থায়ী জান্নাত -- যার দ্বার উন্মুক্ত থাকবে তাদের জন্য।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4020

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন